

ঢাকা কলেজ-আইডিয়াল কলেজ শিক্ষার্থীদের ধাওয়া-পাল্টা ধাওয়া

নিজস্ব বার্তা পরিবেশক

: বৃহস্পতিবার, ০২ মার্চ ২০২৩



রাজধানীর গ্রিন রোডে ঢাকা কলেজ ও আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের
মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।

বৃহস্পতিবার দুপুর দেড়টার দিকে সাইন্সল্যাব এলাকায় আইডিয়াল
কলেজের শিক্ষার্থীরা ঢাকা কলেজের একটি বাস ভাঙ্চুর করলে দুই
কলেজের শিক্ষার্থীদের মধ্যে এ অবস্থার সূত্রপাত হয় বলে জানা গেছে।

তবে কী কারণে বাসটি ভাঙ্চুর করা হয়েছে এ বিষয়ে এখন পর্যন্ত কোনো
তথ্য জানা যায়নি।

ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনায় এক শিক্ষার্থী আহত হয়েছেন বলে জানা
গেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত দুপক্ষের ধাওয়া-পাল্টা ধাওয়া চলছে।

পরিস্থিতি সামাল দিতে নিউমার্কেট, কলাবাগান ও ধানমন্ডি থানার
আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা অবস্থান নিয়েছেন।